কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০৯৭.০০৬.০২.০০.১২৮.২০১৪-৫৭৯** **তারিখ ঃ ০১-১১-২০১৫ খ্রিঃ**

**বিষয় ঃ** ইসলামী উন্নয়ন ব্যাংক হতে **জিরো কস্ট ঋণ** গ্রহণের বিষয়ে দপ্তর সংস্থা হতে প্রাপ্ত কনসেপ্ট পেপারের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২০-১০-২০১৫ খ্রিঃ তারিখে জনাব আনোয়ার ফারুক, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ইসলামী উন্নয়ন ব্যাংক হতে **জিরো কস্ট ঋণ** গ্রহণের বিষয়ে দপ্তর সংস্থা হতে প্রাপ্ত কনসেপ্ট পেপারের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি ঃ** ক) সভার কার্যবিবরণী (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা 'সংযুক্তি-**ক**'।

**(মোঃ আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স ঃ ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
০২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা;
০৩। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা;
০৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
০৫। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর;
০৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্ত্বর, ময়মনসিংহ;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা;
০৮। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ঢাকা;
০৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর;
১০। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, বিএডিসি অঙ্গ, সেচ ভবন, ঢাকা;
১১। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, বারি অঙ্গ, জয়দেবপুর, গাজীপুর;
১২। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, ব্রি অঙ্গ, জয়দেবপুর, গাজীপুর।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। মহাপরিচালক, বীজ উইং মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। অফিস কপি/মাস্টার ফাইল।

E:\Meeting Minutes\Meeting Minutes Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**বিষয়** ঃ ইসলামী উন্নয়ন ব্যাংক হতে **জিরো কস্ট ঋণ** গ্রহণের বিষয়ে দপ্তর সংস্থা হতে প্রাপ্ত কনসেপ্ট পেপারের উপর আলোচনা।

| | |
|---|---|
| সভাপতি | ঃ আনোয়ার ফারুক |
| তারিখ ও সময় | ঃ ২০ অক্টোবর, ২০১৫ খ্রিঃ, সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | ঃ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ঃ পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

গত ২০-১০-২০১৫ খ্রিঃ তারিখে অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়ের সভাপতিত্বে ইসলামী উন্নয়ন ব্যাংক হতে **জিরো কস্ট ঋণ** গ্রহণের বিষয়ে দপ্তর সংস্থা হতে প্রাপ্ত কনসেপ্ট পেপারের উপর **১** টি সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিতির তালিকা সংযুক্তি-**ক-তে** দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সময়মত কনসেপ্ট পেপার প্রস্তুত করে মন্ত্রণালয়ে পাঠানোর জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি ইসলামী উন্নয়ন ব্যাংক হতে **জিরো কস্ট ঋণ** গ্রহণের বিষয়ে দপ্তর সংস্থা হতে প্রাপ্ত কনসেপ্ট পেপারের উপর আলোচনার জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় আলোচনার শুরুতে বিএআরসি'এর নির্বাহী চেয়ারম্যান নার্সভূক্ত প্রতিষ্ঠানসমূহের নিয়োগকৃত বৈজ্ঞানিক কর্মকর্তাদের ফাউন্ডেশন ট্রেনিং এর বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি এ বিষয়ে বিএআরসি'র প্রেরিত কনসেপ্ট পেপারের উপর সভাকে অবহিত করেন। অতঃপর পর্যায়ক্রমে বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর উপস্থিত প্রতিনিধিবৃন্দ তাদের প্রেরিত কনসেপ্ট পেপারের উপর বিস্তারিত ব্যাখ্যা করেন।

সভায় উপস্থিত যুগ্ম-প্রধান (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বিভিন্ন প্রতিষ্ঠানের আলোচনা থেকে দেখা যাচ্ছে যে, প্রস্তাবিত কনসেপ্ট পেপারের অনেক কার্যক্রম সংস্থাগুলোর বর্তমান প্রকল্প এবং কর্মসূচিতে অন্তর্ভূক্ত আছে। কনসেপ্ট পেপার তৈরির সময় দ্বৈততা পরিহার করে বাস্তবসম্মত, আধুনিক ও সৃষ্টিশীল যুগোপযোগী প্রযুক্তি নির্ভর যৌক্তিক বিষয়গুলোকে প্রাধান্য দিতে হবে এবং এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। আলোচনায় অংশ নিয়ে সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-৪) সভাকে জানান যে, ডিপিপি তৈরির পূর্বে সংশ্লিষ্ট প্রকল্পের সমীক্ষা যাচাই করে নিতে হবে। কারণ ইআরডি-তে প্রকল্প প্রেরণ করা হলে প্রকল্প তৈরির পূর্বে সমীক্ষা যাচাই করা হয়েছে কিনা; তা দেখা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

১. প্রত্যেক দপ্তর সংস্থাকে আলোচনা মোতাবেক সুনির্দিষ্টভাবে কনসেপ্ট পেপার তৈরি করে ১৫ নভেম্বর, ২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২. সংস্থাগুলোকে তাদের চলমান প্রকল্প এবং কর্মসূচিতে অন্তর্ভূক্ত বিষয় বাদ দিয়ে দ্বৈততা পরিহার করে বাস্তবসম্মত, আধুনিক ও সৃষ্টিশীল যুগোপযোগী প্রযুক্তি নির্ভর যৌক্তিক বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে কনসেপ্ট পেপার তৈরি করতে অনুরোধ করা হয়।

৩. বিএডিসিকে ফাউন্ডেশন সীড উৎপাদন ও সরবরাহ বাড়ানোর সক্ষমতা বৃদ্ধির জন্য কনসেপ্ট পেপার তৈরি করতে বলা হয় এবং উদ্যানতাত্ত্বিক ফসল বিশেষ করে ফলের মানসম্পন্ন ও প্রত্যায়িত বীজ, চারা ও গুটি কলম ইত্যাদির বিষয়ে কনসেপ্ট পেপার তৈরি করতে অনুরোধ করা হয়।

৪. প্রত্যেক সংস্থায় নতুন কোনো ইনোভেশন থাকলে সে বিষয়ে কনসেপ্ট পেপার দিতে হবে।

৫. দীর্ঘমেয়াদী চিন্তা করে একটি আধুনিক ও স্ট্যান্ডার্ড সেন্ট্রাল গ্রীণ হাউজ তৈরির জন্য কনসেপ্ট পেপার দিতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটকে অনুরোধ করা হয়।

৬. **'বাড়ছে মানুষ, কমছে জমি'** এ কথা মাথায় রেখে হরাইজেন্টাল এক্সপানশনের প্রতি গুরুত্ব না দিয়ে ভার্টিকেল এক্সপানশনের জন্য যে সব প্রযুক্তি গ্রহণ করা দরকার, সকল সংস্থাকে সে সকল প্রযুক্তি অন্তর্ভূক্ত করে কনসেপ্ট পেপার তৈরি করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আনোয়ার ফারুক)**
অতিরিক্ত সচিব
মহাপরিচালক, বীজ উইং
কৃষি মন্ত্রণালয়।

E:\Meeting Minutes\Minutes for Zero Cost Loan.doc

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ উইং, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## মানসম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পের Phase-II এর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকের প্রস্তাবিত 'Zero cost' ঋণ দানের বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা

| | | |
|---|---|---|
| বিষয় | : | প্রতিষ্ঠান হতে প্রাপ্ত Concept Paper এর উপর আলোচনা |
| তারিখ | : | ২০-১০-২০১৫ খ্রিঃ, **সময় :** সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয় |
| সভাপতি | : | জনাব আনোয়ার ফারুক, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় |

| ক্রঃ নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | ড: আবুল কালাম আহমেদ | [illegible], বি এ আর সি | ০১৭১২৭১০৫৫৫ | [signature] ২০.১০.১৫ |
| ৩ | ড. মো: কামাল উদ্দিন | পরিচালক ([illegible]) বীজ প্রত্যয়ন এজেন্সি | ০১৭২০৮২০৮৮১ | [signature] ২০/১০/১৫ |
| ৪ | ড. মো: [illegible] | মহাপরিচালক [illegible] | ০১৭৪৪৪৪৮৬০৬১ | [signature] ২০/১০/১৫ |
| ৫ | ড. তপন কুমার পাল | সিএসও বি এ আর আই | ০১৭১১২২৬৭৬০৪ tapan.k@bari.gov.bd | [signature] ২০/১০/১৫ |
| ৬ | ড. [illegible] | [illegible] বি এ আর আই | ০১৭১৫২০০৪৮০ | [signature] ২০/১০/১৫ |
| ৭ | মুহা: আনোয়ারুল ইসলাম | প্রকল্প পরিচালক [illegible], [illegible] লিমিটেড | ০১৭১১-৫৫৮২২১ | [signature] ২০/১০/১৫ |
| ৮ | ড. মঙ্গল চন্দ্র | সিএসও বিনা ময়মনসিংহ | ০১৭১২-৭২৫৬৮৩ chandra.mongal@gmail.com | [signature] ২০/১০/১৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | ড. মো. জহুরুল ইসলাম | পি.এস.ও বিনা, ময়মনসিংহ | 01711-780179 islam27@yahoo.com | [signature] 20.10.15 |
| ১০ | আবু ইমাম আলী রেজা সিনিয়র সহকারী প্রধান | কৃষি মন্ত্রণালয় | ৯৫৫৬৮৫৯ | [signature] 20/10/15 |
| ১১ | ড. হেলাল উদ্দিন [illegible] পরিচালক, ব্রি | [illegible] (ব্রি-[illegible]) | 01916-577660 | [signature] |
| ১২ | মোঃ মুস্তাফিজুর রহমান | ডিডি, [illegible] | 01717171986 | [signature] |
| ১৩ | ড. মোহাম্মদ খালেকুজ্জামান | পরিচালক ব্রি, গাজীপুর | 01715-752595 zamanmk64@yahoo.co.uk | [signature] 20/10/2015 |
| ১৪ | ~~ড. মো: [illegible]~~ ড. মোঃ [illegible] | পরিচালক (গবেষণা) | 01925053582 | [signature] 20/10/15 |
| ১৫ | ড. [illegible] | DSCO, SCA | 01711-884191 | [signature] |
| ১৬ | ড. মো. [illegible] | DD(Seed Regulation), SCA গাজীপুর | 01199182324 | [signature] 20/10/15 |
| ১৭ | মো: [illegible] | [illegible] SCA | 01718708489 | [signature] 20/10/2015 |
| ১৮ | মো. আজিম উদ্দিন | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | 01556341143 | [signature] 20/10/15 |
| ১৯ | নুর মোহাম্মদ [illegible] | অতি: [illegible] বিএডিসি | 01710-816176 | [signature] 20/10/2015 |
| ২০ | মো: [illegible] যুগ্ম-সচিব | কৃষি মন্ত্রণালয় | | [signature] 20/10 |
| ২১ | মোঃ [illegible] সহকারী পরিচালক (বীজ) | বিএডিসি | 01719-626287 | [signature] 20/10/15 |
| ২২ | মো: নুরুল হক অতি: [illegible] | বিএডিসি | 01742304249 | [signature] 20/10/15 |